বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
৯৫৭৩৯২৬
E-mail: dgmsme @krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৬(২)/২০২১-২০২২/ ৫৬৪(১২০৩) তারিখঃ ২৩/০৯/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

***বিষয় ঃ এসএমই ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত আগামী ২০-২৭ নভেম্বর ২০২১ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ঢাকায় আট দিনব্যাপী '৯ম জাতীয় এসএমই পণ্য মেলা -২০২১' এ অংশগ্রহন ও স্টল বুকিং প্রসংগে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ক্ষুদ্র ও মাঝারী শিল্প ফাউন্ডেশন হতে প্রাপ্ত ১৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের পত্র সূত্র নং- এসএমইএফ/ বিএসএস-৩০/ ৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১-১০৪২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমই ফাউন্ডেশন ৯ম বারের মত ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের আউটার পেভমেন্টে আগামী ২০-২৭ নভেম্বর ২০২১ আট দিনব্যাপী '৯ম জাতীয় এসএমই পণ্য মেলা -২০২১' আয়োজন করতে যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৩। এসএমই পণ্য মেলা আয়োজনের প্রধান উদ্দেশ্য হলোঃ

(ক) ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার, বিক্রয় এবং স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাজার সম্প্রসারণ;
(খ) এসএমই উদ্যোক্তাদের পারস্পরিক সম্পর্ক উন্নয়ন, যোগাযোগ স্থাপন এবং সেতুবন্ধন তৈরিতে সহায়তা;
(গ) এসএমই উদ্যোক্তা ও ভোক্তাদের পারস্পরিক সংযোগ স্থাপন এবং
(ঘ) পণ্যের গুণ ও মানক্রম উন্নয়নের লক্ষ্যে পণ্য উৎপাদন ও সেবা সৃষ্টির ক্ষেত্রে ভোক্তাসহ বিভিন্ন মহলের সৃজনশীল মতামত ও পরামর্শ গ্রহণ প্রভৃতি।

০৪। ঢাকাসহ দেশের বিভিন্ন বিভাগ, জেলা, উপজেলা এবং প্রত্যন্ত অঞ্চল থেকে প্রায় ৩০০টি এসএমই প্রতিষ্ঠান /উদ্যোক্তা এই মেলায় পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পাবেন। এ মেলায় ৮ ফুট x ৮ফুট আকৃতির প্রতিটি স্টলের ফি আট দিনের জন্য আয়োজিতব্য ১৫,০০০/-(পনের হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে।

০৫। উপরোক্ত পত্রের সাথে মেলায় অংশগ্রহণের জন্য আবেদনপত্রের নমুনা প্রেরন করা হয়েছে। এছাড়াও শর্তাবলীযুক্ত আবেদন ফরমটি এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে অথবা **www.smef.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, আবেদনপত্রের সাথে প্রতি স্টলের ফি বাবদ ১৫,০০০/-(পনের হাজার) টাকার পে-অর্ডার 'এসএমই ফাউন্ডেশন জেনারেল অ্যাকাউন্ট' শিরোনামে পে-অর্ডার অথবা এসএমই ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট নম্বর ০১৭৭৫৯০৮৮০৬ এ প্রেরণ করতে হবে । বিকাশে স্টল ফি প্রেরণের নিয়মাবলীও অত্র সাথে যুক্ত করা হলো। পণ্যের মান ও ধরণ, মেলায় অংশগ্রহণের যোগ্যতা এবং সর্বোপরি 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে স্টল বরাদ্দ চূড়ান্ত করা হবে। অনলাইনেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে **www.smef.gov.bd** ওয়েবসাইটে ভিজিট করতে হবে।

০৬। 'জাতীয় শিল্পনীতি -২০১৬' অনুযায়ী উচ্চ অগ্রাধিকার/ অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে চিহ্নিত কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প, আইসিটি/সফটওয়ার শিল্প,চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প,পাট ও পাটজাত শিল্প, প্লাষ্টিক শিল্প, হস্ত ও কারুশিল্প,জুয়েলারি (কৃত্রিম), খেলনা এবং আগর শিল্পের সাথে সম্পৃক্ত এসএমই প্রতিষ্ঠানসমূহকে মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৭। স্টল ভাড়াসহ যাবতীয় খরচ উদ্যোক্তাকে বহন করতে হবে। আগামী ২০-২৭ নভেম্বর ২০২১ আট দিনব্যাপী ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের আউটার পেভমেন্টে এসএমই ফাউন্ডেশন আয়োজিত '৯ম জাতীয় এসএমই মেলা-২০২১' এ অংশগ্রহণে আগ্রহী উদ্যোক্তা আবেদন ফরমটি পূরণ করে পে-অর্ডার (মূল কপি)/বিকাশ ট্রানজেকশন আইডি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন,ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের এক কপি ফটোসহ আগামী ২১ অক্টোবর ২০২১ এর মধ্যে এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে সরাসরি প্রেরণ করতে হবে।

০৮। এমতাবস্থায়, উক্ত মেলায় অংগ্রহণে আগ্রহী আপনার বিভাগাধীন অঞ্চল/শাখাসমূহের এসএমই উদ্যোক্তাদেরকে আবেদনপত্রটি পূরণ করা, পে-অর্ডার ইস্যু করাসহ সার্বিক সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

এছাড়াও এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক জনাব মোঃ আব্বাস আলীর সাথে ০১৮১৮-৪৮৯২৩৫ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ (১) এসএমই ফাউন্ডেশনের চিঠি ১ কপি।
(২) মেলার আবেদন ফরম ও বিকাশে স্টল এবং স্যুভিনিরে বিজ্ঞাপন ফি প্রেরণের নিয়মাবলী- ২ কপি।

আপনার বিশ্বস্ত
২৩/৯/২০২১
( মোহাম্মদ মঈনুল ইসলাম )
উপ মহাব্যবস্থাপক

জ্ঞাতার্থে অনুলিপি

০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৪। নথি/অফিস নথি।

২৩/০৯/২০২১
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)
পর্যটন ভবন, ই/৫, সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
ফোন: ০২-৪১০২৪১০৮, ৪১০২৪১০৯, ৪১০২৪১১০
www.smef.gov.bd

এসএমই ফাউন্ডেশন

স্মারক: এসএমইএফ/বিএসএস-৩০/৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১-১০৪২ ১৩ সেপ্টেম্বর ২০২১

**বিষয়: এসএমই ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত আগামী ২০-২৭ নভেম্বর ২০২১ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি), ঢাকায় আটদিনব্যাপী '৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১'-এ অংশগ্রহণ ও স্টল বুকিং।**

এসএমই ফাউন্ডেশন নবমবারের মত ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের আউটার পেভমেন্টে আগামী ২০-২৭ নভেম্বর ২০২১ আটদিনব্যাপী **'৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১'** আয়োজন করতে যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। এসএমই পণ্য মেলা আয়োজনের প্রধান উদ্দেশ্য হলো: (ক) ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার, বিক্রয় এবং স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাজার সম্প্রসারণ, (খ) এসএমই উদ্যোক্তাদের পারস্পরিক সম্পর্ক উন্নয়ন, যোগাযোগ স্থাপন এবং সেতুবন্ধন তৈরি, (গ) এসএমই উদ্যোক্তা ও ভোক্তাদের পারস্পরিক সংযোগ স্থাপন এবং (ঘ) পণ্যের গুণ ও মানক্রম উন্নয়নের লক্ষ্যে পণ্য উৎপাদন ও সেবা সৃষ্টির ক্ষেত্রে ভোক্তাসহ বিভিন্ন মহলের সৃজনশীল মতামত ও পরামর্শ গ্রহণ প্রভৃতি।

৩। ঢাকাসহ দেশের বিভিন্ন বিভাগ, জেলা, উপজেলা এবং প্রত্যন্ত অঞ্চল থেকে প্রায় ৩০০ টি এসএমই প্রতিষ্ঠান/ উদ্যোক্তা এই মেলায় পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পাবেন। এ মেলায় ৮ ফুট X ৮ ফুট আকৃতির প্রতিটি স্টলের ফি ৮ দিনের জন্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে।

৪। মেলায় অংশগ্রহণের আবেদন ফরম এবং অংশগ্রহণের শর্তাবলী এসঙ্গে সংযোজিত করা হলো। আবেদন ফরম ও শর্তাবলী এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে এবং www.smef.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, আবেদন পত্রের সাথে প্রতি স্টলের ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকার পে-অর্ডার **'এসএমই ফাউন্ডেশন জেনারেল অ্যাকাউন্ট'** শিরোনামে পে-অর্ডার অথবা **এসএমই ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট নম্বর ০১৭৭৫৯০৮৮০৬** এ প্রেরণ করতে হবে। বিকাশে স্টল ফি প্রেরণের নিয়মাবলীও সঙ্গে যুক্ত করা হলো। পণ্যের মান ও ধরন, মেলায় অংশগ্রহণের যোগ্যতা এবং সর্বোপরি **'আগে আসলে আগে পাবেন'** ভিত্তিতে স্টল বরাদ্দ চূড়ান্ত করা হবে। অনলাইনেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে www.smef.gov.bd ওয়েবসাইট ভিজিট করতে হবে।

৫। জাতীয় শিল্পনীতিতে উচ্চ অগ্রাধিকার/অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে চিহ্নিত কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প, আইসিটি/সফট্ওয়ার শিল্প, চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প, পাট ও পাটজাত শিল্প, প্লাস্টিক শিল্প, হস্ত ও কারুশিল্প, জুয়েলারি (কৃত্রিম), খেলনা এবং আগর শিল্পের সাথে সম্পৃক্ত এসএমই প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৬। এপরিপ্রেক্ষিতে, আগামী ২০-২৭ নভেম্বর ২০২১ আটদিনব্যাপী ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের আউটার পেভমেন্টে এসএমই ফাউন্ডেশন আয়োজিত '৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১' তে অংশগ্রহণের নিমিত্ত আবেদন ফরম পূরণ করে পে-অর্ডার (মূলকপি)/বিকাশ ট্রানজেকসন আইডি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের এক কপি ফটোসহ আগামী **২১ অক্টোবর ২০২১** এর মধ্যে এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের অবহিত করতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৭। এ বিষয়ে কোন প্রকার তথ্যের জন্য প্রয়োজনবোধে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক জনাব মোঃ আব্বাস আলীর সাথে ০১৮১৮৪৮৯২৩৫ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**সংযুক্তি:** মেলার আবেদন ফরম ও বিকাশে স্টল
এবং স্যুভিনিরে বিজ্ঞাপন ফি প্রেরণের নিয়মাবলী - ২ কপি

(মো. সিরাজুল হায়দার, এনডিসি)
মহাব্যবস্থাপক

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৩২০ তারিখ ২০/০৯/২১
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

ক্রেডিট বিভাগ-১
ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং- ৮৭২ তারিখ: ২০.০৯.২১
ডিএমডি
জিএম OP
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

**প্রাপক:**
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

SME FOUNDATION

# ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন

## ৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

**২০-২৭ নভেম্বর ২০২১**

৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১

ছবি (পাসপোর্ট সাইজ)

## আবেদন ফরম

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | প্রতিষ্ঠানের নাম | বাংলায় | | | | | | | |
| | | ইংরেজীতে | | | | | | | |
| ২. | ঠিকানা | | | | | | | | |
| ৩. | উদ্যোক্তার নাম | বাংলায় | | | | | | | (টিক দিন) ☐ নারী |
| | | ইংরেজীতে | | | | | | | ☐ পুরুষ ☐ তৃতীয় লিঙ্গ |
| ৪. | ফোন নম্বর, ই-মেইল ও ওয়েবসাইট | ফোন: | | | মোবাইল: | | | | |
| | | ই-মেইল: | | | ওয়েবসাইট: | | | | |
| ৫. | প্রতিষ্ঠানের অপর দুইজনের নাম, পদবি ও মোবাইল নম্বর | ক. | | | মোবাইল: | | | | |
| | | খ. | | | মোবাইল: | | | | |
| ৬. | পণ্য/সেবার নাম/ধরন | | | | | | | | |
| ৭. | প্রতিষ্ঠার বছর (সাল) | | ৮. | মোট সম্পদের মূল্য (টাকায়) *(জমি ও কারখানা ভবন ব্যতিরেকে)* | | ৯. | গত ৩ বছর রপ্তানির পরিমাণ (টাকা) | | |
| ১০. | জনবল *(সংখ্যা)* | মোট জনবল | নারী | স্থায়ী: | পুরুষ | স্থায়ী: | তৃতীয় লিঙ্গ | স্থায়ী: | |
| | | | | অস্থায়ী: | | অস্থায়ী: | | অস্থায়ী: | |
| ১১. | স্টলের ভাড়া (৮'×৮') বর্গফুট (পে-অর্ডার অথবা বিকাশ মার্চেন্ট ০১৭৭৫৯০৮৮০৬ নম্বরে প্রেরণ করতে হবে) | স্টলের ভাড়া | সংখ্যা | মোট | পে-অর্ডারের বিবরণ | | বিকাশ ট্রানজেকসন আইডি* | | |
| | | ১৫,০০০/- | | | | | যে ফোন নম্বর হতে বিকাশ করা হয়েছে | | |
| ১২. | স্যুভিনির এ বিজ্ঞাপন প্রচারে আগ্রহী হলে *(টিক দিন)* | ☐ ব্যাক কাভার পেইজ (ইনার) ৪ কালার, ৭.৫"(প্রস্থ)×১০"(দৈর্ঘ্য) ৪০,০০০/- টাকা | | | | | বিকাশ ট্রানজেকসন আইডি* | | |
| | | ☐ ফুল পেইজ (ইনার) ৪ কালার, ৭.৫"(প্রস্থ)×১০"(দৈর্ঘ্য) ২৫,০০০/- | | | | | যে ফোন নম্বর হতে বিকাশ করা হয়েছে | | |
| | | ☐ হাফ পেইজ (ইনার) ৪ কালার, ৭.৫"(প্রস্থ)×০৫"(দৈর্ঘ্য) ১৫,০০০/- | | | | | | | |
| ১৩. | প্রতিষ্ঠানের নামে ব্যাংক অ্যাকাউন্টের তথ্যাদি | ব্যাংক অ্যাকাউন্টের নাম | | | অ্যাকাউন্ট নম্বর: | | | | |
| | | ব্যাংকের নাম ও শাখা | | | শাখার রাউটিং নম্বর: | | | | |
| ১৪. | জাতীয় এসএমই পণ্য মেলায় অংশগ্রহণের তথ্য *(টিক দিন)* | ☐ ২০১২ | ☐ ২০১৩ | ☐ ২০১৪ | ☐ ২০১৬ | ☐ ২০১৭ | ☐ ২০১৮ | ☐ ২০১৯ | ☐ ২০২০ |

**বিকাশে স্টল ও স্যুভিনিরে বিজ্ঞাপনের ফি প্রেরণের নিয়মাবলী সংযুক্ত*

আমি নিম্ন স্বাক্ষরকারী অঙ্গীকার করছি যে আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং এতদ্‌সঙ্গে সংযুক্ত মেলায় অংশগ্রহণের সকল শর্ত মেনে আবেদন করছি। আমি আরও অঙ্গীকার করছি যে বিদেশ থেকে আমদানিকৃত কোন পণ্য মেলায় প্রদর্শন বা বিক্রয় করব না।

*আবেদনকারীর স্বাক্ষর*

| | |
|---|---|
| নাম | |
| তারিখ | |

## *শর্তাবলী:*

১. আবেদনপত্রের সাথে প্রতি স্টলের ফি ১৫,০০০/- টাকার পে-অর্ডার ***'এসএমই ফাউন্ডেশন জেনারেল অ্যাকাউন্ট'*** বরাবর অথবা এসএমই ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট নম্বর ০১৭৭৫৯০৮৮০৬ এ প্রেরণ করতে হবে ।

২. স্যুভিনির এ বিজ্ঞাপন প্রচারে আগ্রহী হলে বিজ্ঞাপনের ফি ***'এসএমই ফাউন্ডেশন জেনারেল অ্যাকাউন্ট'*** শিরোনামে পে-অর্ডার অথবা ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট নম্বরে প্রেরণ করতে হবে।

৩. মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হবে:

ক) দেশীয় উৎপাদনকারী অথবা সেবামূলক মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পই[১] শুধুমাত্র মেলায় প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পাবে।

খ) ***জাতীয় শিল্পনীতি*** ২০১৬ অনুযায়ী উচ্চ অগ্রাধিকার/অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসাবে চিহ্নিত কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প, আইসিটি/সফট্ওয়ার শিল্প, চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প, পাট ও পাটজাত শিল্প, প্লাস্টিক শিল্প, হস্ত ও কারুশিল্প, জুয়েলারি (কৃত্রিম), খেলনা এবং আগর শিল্পের সাথে সম্পৃক্ত এসএমই প্রতিষ্ঠানসমূহকে মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

গ) এসএমই ফাউন্ডেশন কর্তৃক চিহ্নিত ক্লাস্টারসমূহের, তৃতীয় লিঙ্গ, অটিজম এবং উপজাতি উদ্যোক্তাদের এ মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করে স্টল বন্টন করা হবে।

ঘ) আমদানিকৃত পণ্য মেলায় প্রদর্শন করা যাবে না, প্রদর্শন করলে তাৎক্ষণিকভাবে তার স্টল বরাদ্দ বাতিল করা হবে।

ঙ) পণ্য/ সেবা যথেষ্ট গুণগত সম্পন্ন হতে হবে। প্রদর্শিত পণ্যের বিএসটিআই সার্টিফিকেট বাধ্যতামূলক হলে তা থাকতে হবে। আইএসও সার্টিফিকেশন প্রাপ্ত কোম্পানি প্রাধিকার পাবে।

চ) রপ্তানিযোগ্য অথবা রপ্তানি হচ্ছে এমন পণ্যকে মেলায় প্রদর্শন ও বিক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

ছ) মেলায় সৃজনশীল/ইনোভেটিভ পণ্য/ সেবা প্রদর্শনের ব্যাপারে অধিকতর গুরুত্ব প্রদান করা হবে।

জ) নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।

ঝ) ব্যবসা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

৪. এসএমই ফাউন্ডেশন যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। মেলায় অংশগ্রহণকারীদের চূড়ান্ত তালিকা এসএমই ফাউন্ডেশনের ওয়েব সাইট (www.smef.gov.bd) এবং ফাউন্ডেশনের কার্যালয়ে পাওয়া যাবে। স্টল বরাদ্দ চূড়ান্ত হওয়ার পর স্টলের ফি ফেরতযোগ্য নয়। কোন উদ্যোক্তা আবেদন করে স্টল বরাদ্দ না পেলে তাদেরকে স্টলের ফি ফেরত দেয়া হবে।

৫. মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের উদ্যোক্তাকে মেলা কর্তৃপক্ষ হতে গেটপাস সংগ্রহ করতে হবে।

৬. অপর কোন পক্ষের কাছে বরাদ্দকৃত স্টল হস্তান্তর/সাবলেট দেয়া যাবে না। এই নিয়মের ব্যত্যয় ঘটলে স্টল বরাদ্দ বাতিল হবে এবং সেক্ষেত্রে স্টলের ফি ফেরতযোগ্য হবে না।

৭. একটি প্রতিষ্ঠানের নামে সর্বোচ্চ ২টি স্টলের জন্য আবেদন করা যাবে।

৮. অ্যালুমিনিয়াম স্ট্রাকচারড স্টল, ডিজিটাল স্টিকার প্রিন্টসহ ফ্যাসিয়া, চেয়ার-২টি, টেবিল-১টি, স্ট্যান্ড ফ্যান-১টি, টিউবলাইট-১টি, ওয়েস্ট বিন-১টি, পাওয়ার সকেট-১টি সরবরাহ করা হবে।

৯. মেলায় ইলেকট্রিক হিটার, ফ্রিজ, ওভেন কিংবা উচ্চ ক্ষমতার বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করা যাবে না।

১০. প্রতিটি স্টলের জন্য বরাদ্দকৃত বৈদ্যুতিক সংযোগ ছাড়া বিশেষ আর কোন বৈদ্যুতিক সংযোগ দেয়া হবে না।

১১. মেলা প্রাঙ্গণে সিকিউরিটির ব্যবস্থা থাকলেও অংশগ্রহণকারীর মালামাল চুরি বা হারানোর জন্য মেলার আয়োজক দায়ী থাকবে না। প্রতিদিন মেলা শুরুর সময় হতে শেষ পর্যন্ত একজন প্রতিনিধি অবশ্যই স্টলে থাকতে হবে।

১২. মেলার গেটে এবং এর আশে পাশে '৯ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১' এর ব্র্যান্ডিং করা হবে। আলাদাভাবে প্রতিষ্ঠানসমূহ ঐ সকল স্থানে তাদের নিজ নিজ প্রচারসামগ্রী (যেমন: ব্যানার, পোস্টার, ফেস্টুন, লিফলেট প্রভৃতি) প্রদর্শন অথবা বিতরণ করতে পারবে না। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র তাদের নিজস্ব স্টলে প্রচার সামগ্রী প্রদর্শন ও বিতরণ করতে পারবে।

১৩. বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) কর্তৃপক্ষ মেলার ভেন্যুতে বাহিরের কোন খাবারের অনুমতি প্রদান করে না, বিধায় খাবার সরবরাহকারী কোন প্রতিষ্ঠান (প্যাকেটজাত খাদ্য ও কৃষি প্রক্রিয়াজাত সামগ্রী যেমন-জ্যাম, জেলি, আচার, জুস, সস, মধু, আচার, গুড়া মসলা, মাশরুমজাত পণ্য, বেকারি সামগ্রী প্রভৃতি ব্যতীত) এ মেলায় অংশগ্রহণ করতে পারবে না।

১৪. মেলায় শব্দদূষণ/পরিবেশ দূষণ হয় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৫. স্টলের মালিকগণ নিজ নিজ দায়িত্বে তাদের স্টলের পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখবেন।

১৬. মেলা প্রাঙ্গণে অনৈতিক/অশালীন/অসামাজিক/অবৈধ কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৭. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কিছু প্রদর্শন করা যাবে না।

১৮. মেলায় কোন প্রকার নকল পণ্য প্রদর্শন/বিক্রয় করা যাবে না। এক্ষেত্রে, পাইরেসি, কপিরাইট, ট্রেড মার্কস ইত্যাদি আইনের দ্বারা সৃষ্ট আইনী জটিলতার দায়-দায়িত্ব এসএমই ফাউন্ডেশন বহন করবে না।

১৯. এসএমই ফাউন্ডেশন এই মেলা আয়োজনের সময় এবং এ সংক্রান্ত যে কোন কার্যক্রম কোন কারণ দর্শানো ব্যতীত স্থগিত, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২০. আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে প্রয়োজনে সরেজমিন অনুসন্ধানের অধিকার এসএমই ফাউন্ডেশন সংরক্ষণ করে।

২১. স্টল বরাদ্দ এবং অবস্থান নির্ধারণের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

---

[১] *'জাতীয় শিল্পনীতি-২০১৬' এ বর্ণিত মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংজ্ঞা অনুযায়ী, ম্যানুফ্যাকচারিং এসএমই প্রতিষ্ঠান (জমি এবং কারখানা ভবন ব্যাতিরেকে স্থায়ী সম্পদের মূল্য ৭৫ লক্ষ টাকা থেকে ৫০ কোটি টাকা অথবা ৩১-৩০০ জন শ্রমিক নিয়োজিত), সেবামূলক এসএমই প্রতিষ্ঠান (জমি এবং কারখানা ভবন ব্যাতিরেকে স্থায়ী সম্পদের মূল্য ১০ লক্ষ থেকে ৩০ কোটি টাকা অথবা ১৬-১২০ জন শ্রমিক নিয়োজিত) এবং মাইক্রো শিল্প (ম্যানুফ্যাকচারিং: জমি এবং কারখানা ভবন ব্যাতিরেকে স্থায়ী সম্পদের মূল্য ১০ লক্ষ থেকে ৭৫ লক্ষ টাকা অথবা ১৬-৩০ জন শ্রমিক নিয়োজিত, সেবামূলক: জমি এবং কারখানা ভবন ব্যাতিরেকে স্থায়ী সম্পদের মূল্য ১০ লক্ষ টাকার নীচে অথবা সর্বোচ্চ ১৫ জন শ্রমিক নিয়োজিত) মেলায় অংশগ্রহণ করতে পারবে।*

# এসএমই ফাউন্ডেশন

পর্যটন ভবন (লেভেল ৬-৭), ই/৫-সি/১, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

## 'জাতীয় এসএমই পণ্য মেলা ২০২১' এর স্টলের ফি ও স্যুভিনিরে বিজ্ঞাপনের ফি প্রদানে বিকাশ অ্যাকাউন্ট ব্যবহারের নিয়মাবলী

**এসএমই ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট নম্বর: ০১৭৭৫৯০৮৮০৬**

